

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৭৮

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ আমরা যে চামড়ার কথা উল্লেখ করলাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর স্ত্রীকে সেই চামড়া ব্যবহার করার অনুমতি দিয়েছেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا أَبَاحَ لَهَا فِي الِانْتِفَاعِ بِجَلْدِ الْمَيْتَةِ الَّذِي ذَكَرْنَاهُ

আরবী

1278 _ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَبِي بَكْرٍ الْمُقَدَّمِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ عَنْ عِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: مَاتَتْ شَاةٌ لِسَوْدَةَ بِنْتِ زَمْعَةَ فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ مَاتَتْ فُلَانَةٌ _ يَعْنِي الشَّاةَ _ قَالَ:

(فَهَلَّا أَخَذْتُمْ مَسْكَهَا؟ قَالَتْ: فَنَأْخُذُ مَسْكَ شَاةٍ مَاتَتْ! فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّمَا قَالَ: {قُلْ لَا أَجِدُ فِيمَا أُوحِيَ إِلَيَّ مُحَرَّمًا} _ إِلَى آخِرِ الآية _[الأنعام: 145] لَا بَأْسَ أَنْ تَدْبُغُوهُ فَتَنْتَفِعُوا بِهِ) قَالَ: فَأَرْسَلْنَا إِلَيْهَا فَسَلَخَتْ مَسْكَهَا فَاتَّخَذَتْ مِنْهُ قِرْبَةً حتى تَحَرَّقَتْ.

الراوي: عَبْد اللَّهِ بْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1278 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২৭৮. আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, সাওদা বিনতু যাম'আ রাদিয়াল্লাহু আনহার একটি মেষ মারা যায়। অতঃপর তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, ওমুক –অর্থাৎ মেষটি- মারা গেছে।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমরা তার চামড়া গ্রহণ করনি কেন?" জবাবে তিনি বলেন, "আমরা মৃত মেষের চামড়া গ্রহণ করবো?" অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "নিশ্চয়ই আল্লাহ বলেছেন: ﴿قُلُ لَا أَنْ يكون ميتة ﴿ أَنْ يكون ميتة ﴾ (হে নাবী) আপনি বলুন, আমার প্রতি অহী করা হয়েছে, তাতে আমি ভক্ষনকারীর জন্য ভক্ষন করা হারাম পাচ্ছি



না তবে মৃত প্রাণী...।) (সূরা আনআন: ১৪৫।)

কাজেই এতে কোন দোষ নেই যে তোমরা তা দাবাগত তথা পাকা করে তারপর তার দ্বারা উপকার লাভ করবে।"

আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "অতঃপর আমরা সেখানে লোক পাঠাই। তারপর তার চামড়া উঠানো হয় এবং সেখান থেকে একটি থলে বানানো হয়। তারপর সেটি পুড়ে যাওয়া অবধি তাঁর কাছে ছিল।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ২৩৩৪; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৪৭১; মুসানাফ ইবনু আবী শায়বাহ: ৮/৩৭৯; সহীহ আল বুখারী: ৬৬৮৬; নাসাঈ; ৭/১৭৩; সুনান বাইহাকী: ১/১৮; মুসনাদ আহমাদ: ১/৩২৭-৩২৮; তাবারানী: ১১৭৬৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (গায়াতুল মারাম: ২৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন